গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুলভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা-১০০০।
(আইসিটি শাখা)
www.molwa.gov.bd

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতি নভেম্বর,২০১৯ সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ শহীদুল হক ভূঁঞা, এন.ডি.সি
অতিরিক্ত সচিব (প্রশাসন)
সভার তারিখ : ০৮/১২/২০১৯ খ্রিঃ
সভার সময় : সকাল- ১১:০০ টা
স্থান : সভাকক্ষ, (৬ষ্ঠ তলা, কক্ষ নং-৬০৫)
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য উপসচিব (বাজেট) ও কমিটির ফোকাল পয়েন্ট-কে অনুরোধ জানান। কমিটির ফোকাল পয়েন্ট আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার অন্যান্য আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়;

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা (এপিএ ক্রমানুসারে)	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্য নভেম্বর, ২০১৯ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।	● ১.১: বর্তমান অর্থবছরের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নভেম্বর, ২০১৯ বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে সংশ্লিষ্ট সকল শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন আইসিটি শাখায় প্রেরণ করার উপর সভায় গুরুত্বারোপ করা হয়।	● (১) এ মন্ত্রণালয়ের সকল শাখা / অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে ও আওতাধীন দপ্তর / সংস্থাসমূহকে প্রতি মাসের ৫ (পাঁচ) তারিখের মধ্যে প্রমাণকসহ প্রতিবেদন আইসিটি শাখায় প্রেরণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১. ব্যবস্থাপনা পরিচালক, বামুকট্রা। ২. মহাপরিচালক, জামুকা। ৩. মহাপরিচালক, বিআরডিবি। ৪. সকল শাখা / অধিশাখা, মুবিম ৫. ট্রাস্টি ও সদস্য সচিব, মুক্তিযুদ্ধ জাদুঘর।
		● ১.২: [১.৫.১] নং ক্রমিক কর্মসম্পাদন সূচকে 'ক্ষুদ্রঋণ সুবিধাপ্রাপ্ত ব্যক্তি', নির্ধারিত লক্ষ্যমাত্রা ২৪০০ স্থলে ৯০০ অর্জন যা তুলনামুলক কম বিধায় এ বিষয়ে মহাপরিচালক, বিআরডিবি'র দৃষ্টি আকর্ষণ করা হয়।	● (২) [১.৫.১] নং সূচকে 'ক্ষুদ্রঋণ সুবিধাপ্রাপ্ত ব্যক্তি' নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন বৃদ্ধি করার বিষয়ে বিশেষভাবে যত্নবান হতে হবে। বিআরডিবি হতে পত্র প্রাপ্তি পূর্বক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে সোনালী ব্যাংক ও অর্থ বিভাগের পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় যাতে করে বিআরডিবি এর	১. মহাপরিচালক, বিআরডিবি। ২. উপসচিব (বাজেট) মুবিম।

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা (এপিএ ক্রমানুসারে)	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
			ক্লিয়ারেন্স ব্যতীত সোনালী ব্যাংক কোন ঋণ বিতরণ না করেন।	
		• [১.৫.২] 'ত্রৈমাসিক ভিত্তিতে ক্ষুদ্রঋণ কার্যক্রম মনিটরিংকৃত ও প্রতিবেদন দাখিলকৃত', সরেজমিনে যাচাই করত;	• [১.৫.২] নং সূচকে 'ত্রৈমাসিক ভিত্তিতে ক্ষুদ্রঋণ কার্যক্রম মনিটরিংকৃত ও প্রতিবেদন দাখিলকৃত', পরিদর্শন নিমিত্ত ৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয় উক্ত টীম রংপুর ও নড়াইল জেলায় ক্ষুদ্রঋণ কার্যক্রম মনিটরিং করেছেন। ক্ষুদ্রঋণ বিতরণ কার্যক্রম মনিটরিংকৃত জেলার প্রতিবেদন জমা দেয়ার জন্য জরুরী নির্দেশনা প্রদান করেন।	১. মহাপরিচালক, বিআরডিবি। ২. উপসচিব (বাজেট) মুবিম।
		• [১.৮.১] নং ক্রমিক কর্মসম্পাদন সূচকে 'জি-টু-পি পদ্ধতিতে সুবিধাপ্রাপ্ত ব্যক্তি', বিষয়ে নির্ধারিত লক্ষ্যমাত্রা ৫০,০০০ এর স্থলে নভেম্বর,২০১৯ পর্যন্ত ৩৭৩৪২ জন ভাতাভোগী সুবিধার আওতায় আসছে এবং নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন হবে। এছাড়া উপসচিব (বাজেট) সভায় মোট ২৫টি জেলায় জি-টু-পি পদ্ধতিতে ভাতা দেয়া হবে মর্মে জানান।	• [১.৮.১] নং সূচক 'জি-টু-পি পদ্ধতিতে সুবিধাপ্রাপ্ত ব্যক্তি' নির্ধারিত লক্ষ্যমাত্রা নির্দিষ্ট সময়সীমার পূর্বেই অর্জনের পরামর্শ প্রদান করা হয়।	উপসচিব (বাজেট), মুবিম
		• ইতিহাস সংরক্ষণ ও গবেষণা শাখা কর্তৃক বাস্তবায়নযোগ্য এপিএ এর- • [১.৮.১] নং ক্রমিক কর্মসম্পাদন সূচকে 'নির্ধারিত তারিখে স্মৃতিচারণমুলক লেখা সম্বলিত সংকলিত পুস্তক প্রকাশিত', বিষয়ে উপসচিব (ইতিহাস সংরক্ষণ ও গবেষণা) জানান কার্যক্রম চলমান রয়েছে এবং নির্ধারিত সময়সীমার পূর্বেই কার্যক্রম সম্পন্ন হবে।	• (৩) [১.৮.১] নং ক্রমিক কর্মসম্পাদন সূচকে 'নির্ধারিত তারিখে স্মৃতিচারণমুলক লেখা সম্বলিত সংকলিত পুস্তক প্রকাশিত' বিষয়ে কমিটি আগামী ৭ দিনের মধ্যে সভা আহবানের মাধ্যমে কার্যক্রম গতিশীল করার নির্দেশনা প্রদান করা হয়।	উপসচিব (ইতিহাস সংরক্ষণ ও গবেষণা), মুবিম

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা (এপিএ ক্রমানুসারে)	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		• প্রশিক্ষণ শাখা কর্তৃক বাস্তবায়নযোগ্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর- • [৪.১.১] নং ক্রমিক কর্মসম্পাদন সূচকে 'নির্ধারিত তারিখের মধ্যে স্থায়ী প্রশিক্ষণ পুল',	• (৪) [৪.১.১] নং সূচক 'নির্ধারিত তারিখের মধ্যে স্থায়ী প্রশিক্ষণ পুল' ১ম সপ্তাহের মধ্যে ৫ সদস্য বিশিষ্ট স্থায়ী প্রশিক্ষণ পুল গঠন করার জন্য উপসচিব (প্রশাসন-১) কে নির্দেশনা দেয়া হয়।	উপসচিব (প্রশাসন-১), মুবিম
		• [৪.২.১] বাস্তবায়িত ডিজিটাল রোডম্যাপ', বাস্তবায়নের জন্য পর্যাপ্ত অর্থ বরাদ্দ নেই।	• [৪.২.১] 'বাস্তবায়িত ডিজিটাল রোডম্যাপ' ডিজিটাল রোডম্যাপ বাস্তবায়নের জন্য **উপসচিব (প্রশিক্ষণ)**কে ফোকাল পয়েন্ট হিসেবে মনোনয়নসহ লক্ষ্যমাত্রা অর্জন সম্পন্ন করা সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে ফোকাল পয়েন্ট সকল কার্যক্রম পরিচালনার নির্দশনা দেয়া হয়। বাস্তবায়িত ডিজিটাল রোডম্যাপ বাস্তবায়নের নিমিত্ত পর্যাপ্ত অর্থ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়'কে অবহিত করার পরামর্শ দেয়া হয়।	উপসচিব (প্রশিক্ষণ), মুবিম
		• [৪.৩.১] 'নির্ধারিত তারিখে সেবা সপ্তাহ পালিত', এবং	• [৪.৩.১] 'নির্ধারিত তারিখে সেবা সপ্তাহ পালিত' উপলক্ষ্যে যুগ্মসচিব / উপসচিব (প্রশাসন-১) কে সভাপতি ও উপসচিব(সনদ) কে সদস্য সচিব ও সহকারী সচিব (প্রত্যয়ন) কে সদস্য করে কমিটি গঠন করার নির্দেশনা প্রদান করা হয়।	উপসচিব (প্রশাসন-১), মুবিম
		• [৪.৪.১] নির্ধারিত তারিখে 'প্রকল্প ব্যবস্থাপনা ও ই-জিপি' সংক্রান্ত প্রশিক্ষিত জনবল সৃষ্টির নিমিত্ত প্রশিক্ষণ সমাপ্তকৃত', আইসিটিতে প্রশিক্ষিত জনবল সৃষ্টির নিমিত্ত স্থায়ী পুল গঠনসহ, ডিজিটাল রোডম্যাপ, ই-জিপি	• [৪.৪.১] 'প্রকল্প ব্যবস্থাপনা ও ই-জিপি' সংক্রান্ত প্রশিক্ষিত জনবল সৃষ্টির নিমিত্ত প্রশিক্ষণ সমাপ্তকৃত' ৩০/০১/২০২০ তারিখের মধ্যে ফোকাল পয়েন্ট ও উপসচিব (প্রশিক্ষণ)কে কার্যক্রম সম্পন্ন করার	উপসচিব (প্রশিক্ষণ), মুবিম